

ইসলামী বিশ্ববিদ্যালয়

উত্তপ্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ মাত্র দুইদিন, কিছুটা শান্ত
থাকার পর গতকাল (শনিবার) ইস-
লামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল ও ছাত্র
লীগের (শা-পা), প্রায় শতাধিক বহিরা-
(২য় পৃ: ৭-এর ক: দ্র:)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ন পৃ: পর)

গত সপ্তম ক্যাডারের আগমনের ফলে
ক্যাম্পাস পুনরায় উত্তপ্ত হইয়া উঠি-
য়াছে। গতকাল বেলা সাড়ে ১১টার
দিকে ছাত্রদল ৫০/৬০ জন বহিরাগত
অস্ত্রধারী ক্যাডার লইয়া আজকের (রবি-
বার) ছাত্র ধর্মঘটের সমর্থনে মিছিল
বাহির করিয়া 'লীগ ধর জবাই কর'
ইত্যাদি উস্কানিমূলক শ্লোগান দিতে
থাকিলে উত্তেজনা ছড়াইয়া পড়ে
গায় ক্যাম্পাসে। এ সময়
ছাত্রলীগের মিছিল হইতে পাল্টা
উত্তেজনাকর শ্লোগান দেওয়া হয়।
এদিকে গত মঙ্গলবার রাতে বিশ্ব-
বিদ্যালয়ের বাংলা বিভাগের চেয়ার-
ম্যান ড: পি, এস সফিকুল ইসলামকে
টেলিফোনে হত্যার হুমকির ঘটনায়
ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার আস্থা-
য়ক ও কেন্দ্রীয় নেতা মিজান, মোহা-
ম্মদ আলী ও আরিককে আসামী
করিয়া কুটিয়া সদর থানায় মামলা
হইয়াছে।

শিক্ষক ধর্মঘট অব্যাহত

ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিভাগীয়
চেয়ারম্যান পদে রোটেশন পদ্ধতি
চালুর দাবীতে শিক্ষকদের লাগাতার
ধর্মঘট, ক্লাস ও পরীক্ষা বর্জনের
চতুর্থদিনে গতকাল কোনও ক্লাস ও
পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। ধর্ম-
ঘটের কারণে বিশ্ববিদ্যালয়ের একা-
ডেমিক কার্যক্রমে অচলোবস্থা বিরাজ
করিতেছে।